

## অভিষেক ২০০৮ বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া



বাম থেকে সর্বজনাব নজরুল ইসলাম, হারুনুর রাশিদ, শাহীন মোহাম্মদ আমানউল্লাহ এবং মো: গিয়াসউদ্দিন মোল্লা

গত ১৩ই জুলাই ২০০৮, অনুষ্ঠিত হলো বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার নবনির্বাচিত কার্যকরী পরিষদের অভিষেক। একই অনুষ্ঠানে স্বদেশ প্রত্যাবর্তন উপলক্ষে সংগঠনের প্রাক্তন সাংস্কৃতিক সম্পাদক ও কোষাধ্যক্ষ জনাব শাহীন মোহাম্মদ আমানউল্লাহকে জানানো হয় বিদায় সংবর্ধনা।

সন্ধ্যা ছয়টায় অনুষ্ঠান শুরু হয়। জনাব ফারুক আহমেদ খান অভিষেক সভার

কার্যক্রম শুরু করেন। তিনি তার সংক্ষিপ্ত ভাষণে সংগঠনের বিগত দিনের কর্মকাণ্ড তুলে ধরেন।

তিনি নবনির্বাচিত সভাপতি হারুনুর রাশিদ ও সাধারণ সম্পাদক মো: গিয়াসউদ্দিন মোল্লা সহ পরিষদের সকল সদস্যকে পরিচয় করিয়ে দেন।

জনাব শাহীন মোহাম্মদ আমানউল্লাহ কে বিদায় সংবর্ধনা জানাতে



সংগঠনের পক্ষ থেকে সভাপতির অনুরোধে প্রধান অতিথি জনাব নজরুল ইসলাম তার হাতে একটি ফ্রেস্ট তুলে দেন। অনুষ্ঠান শেষে অতিথিদের নৈশভোজে আপ্যায়ন করা হয়।